ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৩৮৫
কুমারঘাট,৬ জানুয়ারি,২০২৫

**চূড়ান্ত ভোটার তালিকা**

**৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভা কেন্দ্রের মোট ভোটার ৫০,৪৭৬ জন**
**৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের মোট ভোটার ৪৫,৮৫৪ জন**

সারা রাজ্যের সাথে কুমারঘাট মহকুমায়ও আজ ৫০-পাবিয়াছড়া (এসসি) এবং ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রের চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশিত হয়েছে। ইআরও তথা কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা তার অফিস কক্ষে এক সাংবাদিক সম্মেলনে এ সংবাদ জানিয়ে বলেন, ৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভা কেন্দ্রে ভোটার রয়েছেন ৫০,৪৭৬ জন। তারমধ্যে পুরুষ ভোটার ২৫,০৪৯ জন, মহিলা ভোটার ২৫,৪২৪ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ৩ জন। ভোটার বৃদ্ধির হার ০.৭৫ শতাংশ। অন্যদিকে, ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা কেন্দ্রে ভোটার রয়েছেন ৪৫,৮৫৪ জন। তারমধ্যে পুরুষ ভোটার ২৩,১১৬ জন এবং মহিলা ভোটার ২২,৭৩৮ জন। ভোটার বৃদ্ধির হার ০.৬০ শতাংশ।

*****